দৈনিক ইত্তেফাক

51

তারিখ ... JUL. 9 1999
পৃঃ ৩ কলাম ৫

# মাদ্রাসা শিক্ষা নিয়া বিভ্রান্তি সৃষ্টির অপচেষ্টা চলিতেছে

------------------ ধর্ম প্রতিমন্ত্রী

মাদ্রাসা শিক্ষা নিয়া সোমবার চট্টগ্রামে আন্দরকিল্লা জামে মসজিদে কিছুসংখ্যক উচ্ছৃংখল ভিন্নদলীয় লোক কর্তৃক সৃষ্ট পরিস্থিতি নিয়া বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত খবরের প্রতি ধর্ম প্রতিমন্ত্রী মাওলানা মোঃ নূরুল ইসলামের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। কোন কোন পত্রিকায় বিষয়টি অতিরঞ্জিত করিয়া প্রকাশ করিয়াছে বলিয়া ধর্ম প্রতিমন্ত্রী

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ )

## ধর্ম প্রতিমন্ত্রী

( ৩য় পৃঃ পর )

জানান। এ সম্পর্কে তিনি বলেন, মাদ্রাসা শিক্ষা কোন সময়ই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাভুক্ত ছিল না এবং তাহা সব সময়ই শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন। তিনি বলেন, ধর্ম মন্ত্রণালয় শুধু দেশের মসজিদ ও কিছু কিছু হাফিজিয়া ও ফোরকানিয়া মাদ্রাসা সংস্কার ও উন্নয়নে অল্প-স্বল্প অনুদান মঞ্জুর করিয়া থাকে। প্রতিমন্ত্রী বলেন, যাহারা মাদ্রাসা শিক্ষা সম্পর্কে কোন কিছু না বুঝিয়া বিভিন্ন রকম অপপ্রচারে মাতিয়া উঠিয়াছে তাহারা ঘোলা পানিতে মাছ শিকার ও জনগণের মাঝে বিভ্রান্তি সৃষ্টির অপপ্রয়াসে লিপ্ত হইয়াছে। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষা সংকোচনের কোন চিন্তা-ভাবনা এ সরকারের কোনদিনই নাই। উপরন্তু, ধর্মীয় ও মাদ্রাসা শিক্ষাকে আরও সম্প্রসারিত ও যুগোপযোগী করার লক্ষ্যে বর্তমান সরকার সবকিছুই করিতেছে। প্রতিমন্ত্রী জনগণকে যাহারা ধর্ম নিয়া ব্যবসায় লিপ্ত তাহাদের হীন কার্যকলাপ সম্পর্কে সতর্ক থাকায় আহ্বান জানান।

—তথ্য বিবরণী